



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

বাণিজ্য সংগঠন-২

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.mincom.gov.bd



নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০০৭.০১.৩৮৪

তারিখ: ৭ শ্রাবণ ১৪৩০

২২ জুলাই ২০২৩

### অফিস আদেশ

যেহেতু, 'বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউস এসোসিয়েশন' বাণিজ্য মন্ত্রণালয় হতে লাইসেন্সপ্রাপ্ত সংগঠন;

যেহেতু, সংগঠনের অনুকূলে প্রদত্ত লাইসেন্স এ বর্ণিত শর্ত এবং বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ ও সংগঠনের সংঘস্মারক ও সংঘবিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন করে পূর্ণাঙ্গ কার্যনির্বাহী কমিটি গঠনের বাধ্যবাধকতা রয়েছে;

যেহেতু, বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউজ এসোসিয়েশনের ২০১৫-২০১৭ মেয়াদী নির্বাচন সম্পন্ন করার জন্য ২৭/০৪/২০১৫ তারিখে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত স্মারক নং-১৬৬ মূলে প্রশাসক নিয়োগের আদেশের বিরুদ্ধে জনাব কাজী ইফতেখার হোসাইন কর্তৃক মহামান্য হাইকোর্টে রীট পিটিশন নং- ৫২৭৭/২০১৫ বৃজু করা হয়;

যেহেতু, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এর হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ৫২৭৭/২০১৫ তারিখ ১৮/০৫/২০২৩-এর আদেশের কপি পাওয়া গিয়েছে যাতে বুল ডিসচার্জসহ প্রশাসক নিয়োগাদেশের উপর জারী করা সাময়িক স্থগিতাদেশ বাতিল করা হয়েছে;

যেহেতু, সংগঠনটির ২০১৫ সাল হতে এ পর্যন্ত কোন নির্বাচন অনুষ্ঠানের তথ্যাদি, বার্ষিক সাধারণ সভা আয়োজন, কার্যনির্বাহী কমিটির বার্ষিক প্রতিবেদন, অডিট রিপোর্ট দাখিল করা হয়নি;

যেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭ ধারা মতে "উক্ত বাণিজ্য সংগঠন বা উহার কোনো শাখা বা দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখিবার লক্ষ্যে, সরকার যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপে উক্ত কমিটির কর্মকান্ড পরিচালনার দায়িত্ব গ্রহণ করিবার উদ্দেশ্যে এক বছরের অধিক নয় এমন মেয়াদের জন্য ১ (এক) জন প্রশাসক নিয়োগ করিতে পারিবে;

যেহেতু, একটি সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের অনুষ্ঠানের লক্ষ্যে বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭ ধারা মোতাবেক পত্র জারীর তারিখ হতে ০৬ (ছয়) মাসের জন্য জনাব নাহিদ আফরোজ, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়-কে 'বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউজ এসোসিয়েশন'-এর প্রশাসক নিয়োগ করা হলো। তিনি নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত সংগঠনের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা সহ কার্যনির্বাহী কমিটির নির্বাচন সম্পন্ন করে নির্বাচিত প্রতিনিধির কাছে দায়িত্ব হস্তান্তর করে এ মন্ত্রণালয়কে অবহিত করবেন।

উল্লেখ্য, দায়িত্বপ্রাপ্ত প্রশাসক বিধি মোতাবেক প্রশাসকের সম্মানিতা/দায়িত্বভাতা প্রাপ্ত হবেন।

২২-৭-২০২৩

মো: হাফিজুর রহমান

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)